# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৪৯

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ বিপদাপদ দ্বারা পরীক্ষা করা হলে মানুষ জবান দ্বারা যা বলে, সেজন্য পাকড়াও করা হবে; অন্তরের দুঃখ ও চোখের অশ্রুর কারণে পাকড়াও করেন না

## ذكر الإخبار بأن المرء مؤاخذ عند ما امْتُحِنَ بِهِ مِنَ الْمُصِيبَةِ مِمَّا يَقُولُ بِلِسَانِهِ دُونَ حُزْنِ الْقَلْبِ وَدَمْعِ الْعَيْنِ

আরবী

3149 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عِيسَى الْمِصْرِيُّ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ سَعِيدِ بْنِ الْحَارِثِ الْأَنْصَارِيِّ: أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ قَالَ: اشْتَكَى سَعْدٌ شَكْوَى فَأَتَاهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعُودُهُ مَعَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ وَسَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ وَعَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ فَلَمَّا دَخَلَ وَجَدَهُ فِي غَشْيَتِهِ فَقَالَ: قَدْ قَضَى يَا رَسُولَ اللَّهِ فَبَكَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا بَكَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَكَوْا فَقَالَ: (أَلَا تَسْمَعُونَ إِنَّ اللَّهَ ـ جَلَّ وَعَلَا ـ لَا يُعَذِّبُ بِدَمْعِ الْعَيْنِ وَلَا بِحُزْنِ الْقَلْبِ وَلَكِنْ يُعَذِّبُ بِهَذَا أَوْ يرحم) وأشار إلى لسانه.

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3149 | خلاصة حكم المحدث: صحيح – ((الإرواء)) (767).

বাংলা

৩১৪৯. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “সা’দ রাদ্বিয়াল্লাহু আনহু যখন পীড়িত হন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আব্দুর রহমান বিন আওফ, সা’দ বিন আবী ওয়াক্কাস ও আব্দুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহুমকে সাথে নিয়ে তাকে দেখতে যান। যখন তিনি সেখানে প্রবেশ করেন, তাকে তিনি মুর্ছা অবস্থায় দেখতে পান। তিনি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আয়ূ শেষ হয়ে গেছে!” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কেঁদে ফেলেন। যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাঁদেন, তখন সাহাবীগণও কাঁদেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “তোমরা কি শুনছো না, নিশ্চয়ই

আল্লাহ চোখের অশ্রু বিসর্জন ও অন্তরের দুঃখিত হওয়ার কারণে শাস্তি প্রদান করেন না। বরং এর কারণে তিনি শাস্তি দেন অথবা দয়া করেন।” এই বলে তিনি তাঁর জিহবার দিকে ইশারা করেন।”[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১৩০৪; সহীহ মুসলিম: ৯২৪; সুনান বাইহাকী: ৪/৬৯; বাগাবী: ১৫২৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৭৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92479

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন